# TDP (General) 1st Semester Exam., 2021
## ( Held in 2022 )

BENGALI

( General )

FIRST PAPER

*Full Marks* : 80

*Time* : 3 hours

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক*

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও*

বিভাগ—ক

(ক) নিম্নলিখিত প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২০=৪০

১। 'চর্যাপদ' কে, কবে এবং কোথা থেকে আবিষ্কার করেন?

২। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের খণ্ড সংখ্যা কয়টি? শেষ খণ্ডটির নাম কী?

৩। দুজন চৈতন্যজীবনীকার ও তাঁদের রচিত গ্রন্থের নাম উল্লেখ করো।

৪। কৃত্তিবাস ওঝাকে 'এ বঙ্গের অলঙ্কার' কে বলেছেন? তাঁর রচিত 'রামায়ণ'-এর পুঁথিটির প্রকৃত নাম কী?

৫। 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদকের নাম কী? কার নির্দেশে তিনি 'মহাভারত' অনুবাদ করেন?

৬। ফোর্ট উইলিয়ম কলেজ কবে, কী উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়েছিল?





৭। কোন্ নাটকের অভিনয় দেখে মধুসূদন বাংলা নাটক রচনার সিদ্ধান্ত নিয়েছিলেন? নাটকটি কার লেখা?

৮। ত্রিপুরার ইতিহাসের প্রেক্ষাপটে লেখা রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাসটির নাম কী? উপন্যাসটির প্রকাশকাল কত?

৯। বিজন ভট্টাচার্যের লেখা দুটি নাটকের নাম লেখো।

১০। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত দুটি উপন্যাসের নাম লেখো।

১১। "স্বেদ-মকরন্দ বিন্দু বিন্দু চুয়ত
বিকশিত ভাব-কদম্ব॥"

পদটির রচয়িতা কে? 'স্বেদ' শব্দের অর্থ কী?

১২। "কণ্টক গাড়ি কমল সম পদতল
মঞ্জীর চীরহি ঝাঁপি।"

কোন্ পর্যায়ের পদ? 'মঞ্জীর' শব্দের অর্থ কী?

১৩। "মন্দির-বাহির কঠিন কপাট।"

এর পরের পংক্তিটি লেখো। পদটির রচয়িতা কে?

১৪। "যাহাঁ পহুঁ অরুণ-চরণে চলি যাত।"

কোন্ পর্যায়ের পদ? পদকর্তা কে?

১৫। "পাসরিতে করি মনে পাসরা না যায় গো
কি করিব কি হবে উপায়॥"

পদকর্তা কে? 'পাসরা' শব্দের অর্থ কী?

১৬। 'মেঘনাদবধ কাব্য'-এর সর্গ সংখ্যা কয়টি? এই কাব্যের চতুর্থ সর্গের নাম কী?

১৭। "এয়ো তুমি, তোমার কি সাজে/এ বেশ?"

বক্তা কে? 'এয়ো' শব্দের অর্থ কী?

১৮। "অজিন (রঞ্জিত, আহা, কত শত রঙে!)
পাতি বসিতাম কভু দীর্ঘ তরু-মূলে,"

বক্তা কে? 'অজিন' শব্দের অর্থ কী?

১৯। "নহে দোষ মম;
তোমার আদেশে আমি ছাড়িনু তোমারে।"

বক্তা কে? বক্তা কোন্ প্রসঙ্গে একথা বলেছেন?

২০। "শূন্য ঘরে পেয়ে
আমায় হরিছে পাপী, কহিও একথা
দেখা যদি হয়, প্রভু, রাঘবের সাথে!"

বক্তা কাকে উদ্দেশ্য করে, কোন্ প্রসঙ্গে একথা বলেছেন?

## বিভাগ—খ

**(খ)** নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও : ১০×৪=৪০

### প্রথম একক

১। (ক) 'চর্যাপদ'-এর পুঁথি-পরিচয় সম্পর্কে সংক্ষেপে আলোকপাত করো। 'চর্যাপদ'-এর সাহিত্যমূল্য নিরূপণ করো। ৫+৫=১০

অথবা

(খ) বাংলা ভাষায় লিখিত চৈতন্য-জীবনীকাব্যগুলির মধ্যে উল্লেখযোগ্য দুজন কবির কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫+৫=১০





### দ্বিতীয় একক

২। (ক) বিদ্যাসাগরের রচনাবলীর সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তাঁকে যথার্থই বাংলা গদ্যের প্রথম যথার্থ শিল্পী বলা যায় কিনা, আলোচনা করো। ৬+৪=১০

অথবা

(খ) কবি জীবনানন্দ দাশের কাব্যগ্রন্থগুলির নাম উল্লেখ করে কবির কাব্য-প্রতিভার পরিচয় দাও। ১০

### তৃতীয় একক

৩। (ক) 'পূর্বরাগ' বলতে কী বোঝায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? পূর্বরাগ পর্যায়ের পদ রচনায় তাঁর কৃতিত্বের পরিচয় দাও। ২+১+৭=১০

অথবা

(খ) 'মাথুর' বলতে কী বোঝ? তোমার পাঠ্যপদ অবলম্বনে মাথুর পর্যায়ের পদ রচনায় বিদ্যাপতির কৃতিত্বের পরিচয় দাও। ২+৪+৪=১০

### চতুর্থ একক

৪। (ক) 'মেঘনাদবধ কাব্য'-এর চতুর্থ সর্গের কাহিনিগত উপযোগিতা কী তা আলোচনা করে দেখাও। ১০

অথবা

(খ) "পঞ্চবটী বনে মোরা গোদাবরী তটে ছিনু সুখে—"

কে, কাকে বলেছেন? প্রসঙ্গ উল্লেখ করো। বক্তার অতীত সুখের বর্ণনা দাও। ২+৩+৫=১০

★★★

# TDP (General) 3rd Semester Exam., 2022
# ( Held in 2023 )

## BENGALI

## ( General )

## THIRD PAPER

*Full Marks* : 80

*Time* : 3 hours

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক*

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও*

### বিভাগ—ক

১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২০=৪০

(ক) কত খ্রিস্টাব্দে 'নীলদর্পণ' নাটকটি প্রথম প্রকাশিত হয়? এই নাটকের ইংরাজী অনুবাদক কে ছিলেন?

(খ) ''ঐ একজন কুটির প্রধান শত্রু।'' কে এই উক্তি করেছে? 'প্রধান শত্রু' কাকে বলা হয়েছে?

(গ) ''ছোট বউ বড় পয়মন্ত।'' এই সংলাপের বক্তা কে?- 'ছোট বউ'-এর নাম কী?

(ঘ) ''ডাকচেন মোরে, কিন্তু চাচ্চেন তোমারে।'' উক্তিটি কে, কাকে করেছে?





(ঙ) ''ময়রা পিসি, মোরে এমন কথা বল না, মুই পরাণ দিতি পারবো, ধর্ম্ম দিতি পারবো না,'' কার উক্তি? 'ময়রা পিসি' বলে বক্তা কাকে সম্বোধন করেছে?

(চ) দইওয়ালার গ্রাম কোন্ পাহাড়ের তলায়, কোন্ নদীর ধারে ছিল?

(ছ) ছেলের দলকে অমল কী কী খেলনা দিয়েছিল?

(জ) 'ডাকঘর' নাটকে হরকরা দুজনের নাম কী কী?

(ঝ) ''খুলে দাও, খুলে দাও, যত দ্বার-জানালা আছে, সব খুলে দাও।'' বক্তা কে? কার প্রতি তিনি এই উক্তি করেছেন?

(ঞ) ''চুপ করো অবিশ্বাসী! কথা কোয়ো না!'' কার উক্তি? কাকে 'অবিশ্বাসী' বলা হয়েছে?

(ট) 'কল্পনা' কাব্যগ্রন্থটি কবে প্রকাশিত হয়? কাব্যগ্রন্থটি কবি কাকে উৎসর্গ করেছিলেন?

(ঠ) ''এখনি, অন্ধ, বন্ধ কোরো না পাখা॥'' কার উদ্দেশ্যে, কোন্ কবিতায় কবি এই উচ্চারণ করেছেন?

(ড) ''ভূর্জপাতায় নব গীত করো রচনা
______-রাগিনী।''
কোন্ কবিতার অংশ? কবি কোন্ রাগিনীর উল্লেখ করেছেন? https://www.tripurastudy.com

(ঢ) 'স্বপ্ন' কবিতায় উল্লিখিত ঐতিহাসিক শহর এবং নদীটির নাম উল্লেখ করো।

(ণ) কার লেখা, কোন্ কাব্যগ্রন্থ অনুসরণে রবীন্দ্রনাথ ঠাকুর 'মদনভস্মের পর' কবিতাটি রচনা করেছিলেন?

(ত) "সে কহিল, 'এত রক্ত কেন!' "

'সে' কে? এই রক্ত কীসের রক্ত ছিল?

(থ) জয়সিংহের পিতার নাম কী? তিনি কী কাজ করতেন?

(দ) " 'এই দেখো—চাহিয়া দেখো।' বলিয়া উত্তরীয় মোচন করিলেন, তাঁহার দেহ রক্তে লিপ্ত, তাঁহার বক্ষদেশে স্থানে স্থানে রক্ত জমিয়া আছে।"

কে উত্তরীয় উন্মোচন করেছিলেন? তাঁর বক্ষদেশে কীসের রক্ত জমেছিল?

(ধ) নক্ষত্ররায় কোন্ গ্রামে নির্বাসিত হয়েছিলেন? গ্রামটি কোন্ নদীর তীরে অবস্থিত ছিল?

(ন) নক্ষত্ররায় কী নাম নিয়ে সিংহাসনে বসেন? তিনি কত বছর ত্রিপুরায় রাজত্ব করেন?

## বিভাগ—খ

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১০×৪=৪০

### প্রথম একক

২। উদ্দেশ্যমূলক নাটক কাকে বলে? উদ্দেশ্যমূলক নাটক হিসেবে 'নীলদর্পণ' কতখানি সার্থক তা নিজের ভাষায় বুঝিয়ে দাও।

৩+৭=১০

*অথবা*

"ভদ্র চরিত্র অপেক্ষা ভদ্রেতর চরিত্র নির্মাণেই দীনবন্ধু মিত্র অধিকতর সফল হয়েছেন।" যুক্তি সহকারে তোমার মতামত আলোচনা করো। ১০